

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ২০, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
ঢাকা

## প্রজ্ঞাপন

তারিখ, ০৮ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ / ১৮ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ।

এস, আর, ও নং-১৯৪-আইন/২০১৭/১৮-মুসক।—উন্নয়ন সারচার্জ ও লেভী (আরোগ্য ও আদায়) আইন, ২০১৫ (২০১৫ সনের ২০ নং আইন) এর ধারা ৬ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের ধারা ৩ এর দফা (ক) দ্বারা আরোপিত স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ আদায়ের লক্ষ্যে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম।**—(১) এই বিধিমালা স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ (আদায় ও পরিশোধ) বিধিমালা, ২০১৭ নামে অভিহিত হইবে।

(২) ইহা ০১ জুলাই, ২০১৭ খ্রিঃ তারিখ হইতে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায় “তামাকজাত পণ্য” অর্থ তামাক, তামাক পাতা বা উহার নির্যাস হইতে প্রস্তুত যে কোন পণ্য, যাহা চোষণ বা চিবানোর মাধ্যমে গ্রহণ করা যায় বা ধূমপানের মাধ্যমে শ্বাসের সহিত টানিয়া লওয়া যায় এবং বিড়ি, সিগারেট, চুরুট, গুল, জর্দা, খৈনী, সাদাপাতা, সিগার এবং হস্কা বা পাইপে ব্যবহার্য মিশ্রণও (mixture) ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **সারচার্জ পরিশোধ, ইত্যাদি।**—(১) বাংলাদেশে আমদানিকৃত ও স্থানীয়ভাবে উৎপাদিত তামাকজাত পণ্যের উপর উন্নয়ন সারচার্জ ও লেভী (আরোগ্য ও আদায়) আইন, ২০১৫ এর প্রথম তফসিলে উল্লিখিত হারে স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ পরিশোধ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত স্বাস্থ্য সুরক্ষা সারচার্জ তামাকজাত পণ্যের আমদানিকারক বা স্থানীয়ভাবে তামাকজাত পণ্যের উৎপাদনকারী প্রতিষ্ঠান ট্রেজারী চালান বা ইলেক্ট্রনিক ট্রান্সফারের মাধ্যমে অর্থ বিভাগ কর্তৃক সুনির্দিষ্টকৃত অর্থনৈতিক কোডে জমা প্রদান করিবে।

(৬৮০৩)

মূল্য : টাকা ৪.০০

৪। প্রতিবেদন দাখিল।—প্রত্যেক তামাকজাত পণ্যের আমদানিকারক বা স্থানীয়ভাবে উৎপাদনকারী প্রতিষ্ঠানকে এই বিধিমালার সহিত সংযোজিত ফরমে সরকার বা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বা কর্তৃপক্ষের নিকট বিধি ৩ এর অধীন পরিশোধিত সারচার্জের বিবরণী পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে মাসিক রাজস্ব বিবরণীর সহিত পৃথকভাবে দাখিল করিতে হইবে।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**  
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**  
**ফরম**  
[ বিধি-৪ দ্রষ্টব্য ]  
**স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ এর মাসিক বিবরণী**

	মাস	বৎসর
মেয়াদ	:	

প্রতিষ্ঠানের নাম:

ঠিকানাসহ আনুষঙ্গিক তথ্যাবলি:

মূসক শনাক্তকরণ সংখ্যা:

অর্থনৈতিক কোড :

(ক) আমদানিকৃত তামাকজাত পণ্যের ক্ষেত্রে, যে মূলের ভিত্তিতে মূল্য সংযোজন কর নিরূপণ করা হয় সেই মূল্য	জমাকৃত সারচার্জের পরিমাণ (অঙ্ক ও কথায়)
(খ) স্থানীয়ভাবে উৎপাদিত তামাকজাত পণ্য সরবরাহের ক্ষেত্রে উৎপাদন স্তরে মূল্য সংযোজন কর আরোপযোগ্য মূল্য (অঙ্ক ও কথায়)	

সংযুক্তি:

- (১) জমাকৃত ট্রেজারী চালানের অনুলিপি; অথবা
- (২) ইলেক্ট্রনিক পদ্ধতিতে সারচার্জ প্রদানের ক্ষেত্রে গ্রহণযোগ্য প্রমাণপত্র।

তারিখ: (-----)

তামাকজাত পণ্য আমদানিকারক/ উৎপাদনকারী প্রতিষ্ঠান।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান  
সিনিয়র সচিব

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)